# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫৯৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৯৬]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ৪৫: যে ওয়াক্তে মুসাফির মাগরিব ও ইশার সালাত এক সাথে আদায় করতে পারে

الوقت الذي يجمع فيه المسافر بين المغرب والعشاء

আরবী

أَخْبَرَنَا مَحْمُودُ بْنُ خَالِدٍ، قال: حَدَّثَنَا الْوَلِيدُ، قال: حَدَّثَنَا ابْنُ جَابِرٍ، قال: حَدَّثَنِي نَافِعٌ، قال: خَرَجْتُ مَعَ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ فِي سَفَرٍ يُرِيدُ أَرْضًا فَأَتَاهُ آتٍ، فَقَالَ: إِنَّ صَفِيَّةَ بِنْتَ أَبِي عُبَيْدٍ لِمَا بِهَا، فَانْظُرْ أَنْ تُدْرِكَهَا، فَخَرَجَ مُسْرِعًا وَمَعَهُ رَجُلٌ مِنْ قُرَيْشٍ يُسَايِرُهُ وَغَابَتِ الشَّمْسُ فَلَمْ يُصَلِّ الصَّلَاةَ، وَكَانَ عَهْدِي بِهِ وَهُوَ يُحَافِظُ عَلَى الصَّلَاةِ، فَلَمَّا أَبْطَأَ، قُلْتُ: الصَّلَاةَ يَرْحَمُكَ اللَّهُ، فَالْتَفَتَ إِلَيَّ وَمَضَى حَتَّى إِذَا كَانَ فِي آخِرِ الشَّفَقِ نَزَلَ فَصَلَّى الْمَغْرِبَ، ثُمَّ أَقَامَ الْعِشَاءَ وَقَدْ تَوَارَى الشَّفَقُ، فَصَلَّى بِنَا ثُمَّ أَقْبَلَ عَلَيْنَا، فَقَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا عَجِلَ بِهِ السَّيْرُ صَنَعَ هَكَذَا .

تخريج دارالدعوه: سنن ابی داود/الصلاة ٢٧٤ (١٢١٣)، (تحفة الأشراف: ٧٧٥٩) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 596 ـ صحيح

বাংলা

৫৯৫. মাহমূদ ইবনু খালিদ (রহ.) ..... নাফি (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আবদুল্লাহ ইবনু ’উমার-এর কিছু জমি ছিল। সেখানে যাওয়ার উদ্দেশে আমি আবদুল্লাহ ইবনু উমার (রাঃ)-এর সাথে রওয়ানা হলাম ও সেখানে পৌছার পরে হঠাৎ একদিন এক সংবাদ বাহক এসে বলল যে, আপনার স্ত্রী সফিয়্যাহ্ বিনতু আবূ উবায়দ (রাঃ) মুমূর্ষ অবস্থায়, দেখতে চাইলে যেতে পারেন। তারপর তিনি খুব দ্রুত রওয়ানা হলেন। এক কুরায়শী তার সফরসঙ্গী ছিলেন। সূর্য ডুবে গেলেও কিন্তু মাগরিবের সালাত আদায় করলেন না। আমি প্রত্যক্ষ করেছি যে, তিনি সবসময় সালাতের হিফায়াত করতেন, এরপরেও যখন দেরি করছেন, তখন আমি বললাম, আল্লাহ তা’আলা

আপনাকে রহম করুন। সালাত আদায় করুন। তিনি আমার দিকে তাকালেন এবং চলতে লাগলেন। এ অবস্থায় যখন পশ্চিম আকাশের লালিমা প্রায় অদৃশ্য হওয়ার উপক্রম হল তখন সওয়ারী হতে নেমে মাগরিবের সালাত আদায় করলেন। লালিমা দূর হওয়ার পর ’ইশার সালাতের ইকামত বলে আমাদের সাথে ’ইশার সালাত আদায় করলেন। তারপর আমাদের দিকে তাকিয়ে বললেন, যখন সফরে কোন তাড়া থাকত তখন রাসূলুল্লাহ (সা.) এরূপ করতেন।

## English

45. The Time When A Traveler May Combine Maghrib and Isha'

Nafi' said: I went out with 'Abdullah bin 'Umar on a journey to some of his land. Then someone came to him and said: 'Safiyyah bint Abi 'Ubaid is sick, try to get there before it is too late.' He set out quickly, accompanied by a man of the Quraish. The sun set but he did not pray, although I knew him to be very careful about praying on time. When he slowed down I said: 'The prayer, may Allah have mercy on you.' He turned to me but carried on until the twilight was almost gone, then he stopped and prayed Maghrib, then he said the Iqamah for 'Isha', at that time the twilight had totally disappeared and led us in prayer. Then he turned to us and said: 'If the Messenger of Allah (ﷺ) was in a hurry to travel he would do this.'

## ফুটনোট

সহীহ: আবূ দাউদ ১২১৩, তিরমিযী ৫৬০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ নাফি‘ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86868

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন